
# আমি ছেলে আমি মেয়ে



niketan নিকেতন ফাউন্ডেশন

# আমি ছেলে আমি মেয়ে

It's my body পাঠ্যক্রমের অন্তর্ভুক্ত বুকলেট-২


**প্রথম প্রকাশ**

ডিসেম্বর ২০১৬



**রচনা ও পরিকল্পনা**

Antoinette Termoshuizen

আবু রেজা

হাসনাইন সবিহ্ নায়ক

**অলংকরণ**

উর্মি রহমান

**কমপিউটার গ্রাফিক্স**

জাহাঙ্গীর আলম মোল্লা

এ. লতিফ পলাশ

মো. সাখাওয়াত হোসেন জুয়েল

মো. শামীম হোসেন



**প্রকাশনায় :** niketan Niketan Foundation

Itterbeek 7, 2641TW Pijnacker, The Netherlands

www.niketan.nl/en

**মুদ্রণ ও প্রকাশনা সমন্বয়**

টইটম্বুর মিডিয়া প্রাইভেট লিমিটেড

৪০/৩ নয়াপল্টন (২য় তলা), ভিআইপি রোড, ঢাকা-১০০০

ইমেইল : toitomboor@gmail.com


ISBN : 978-984-8869-69-7

**মূল্য : প্রতিটি বুকলেট – ১৫০.০০ (একশত পঞ্চাশ টাকা)**

**বুকলেট ১-৫ – ৫০০.০০ (পাঁচশত টাকা)**


**বিক্রয়লব্ধ অর্থ প্রতিবন্ধী শিশুদের কল্যাণে ব্যয়িত হবে**

# আমি ছেলে আমি মেয়ে



niketan নিকেতন ফাউন্ডেশন



আজ আমরা নিজেদের সম্পর্কে জানব। ছেলেদের একজন বলবে ছেলেদের সম্পর্কে আর মেয়েদের একজন বলবে মেয়েদের সম্পর্কে।



আর ছেলেদের থেকে আমি বলব।

মেয়েদের থেকে আমি বলব।



আমি সালমা। আমি একজন মেয়ে। আমি সেলোয়ার কামিজ পরি। আমার চুল লম্বা। আমি বড় হয়ে চাকরি করব। সংসার করব। মা হব।



আমি সুবির। আমি একজন ছেলে। আমি প্যান্ট-শার্ট পরি।
আমার চুল ছোট। আমি বড় হয়ে শিক্ষকতা করব।
তারপর বিয়ে করব। সন্তানের বাবা হব।



আসতে পারি, আপা?

হ্যাঁ আসো,
আজ এতো দেরি কেন, বিজয়?



আমার মা খুব অসুস্থ।
বাবা আর আমি মিলে রান্না করেছি।
তাই স্কুলে আসতে দেরি হয়ে গেল।




ওমা, পুরুষ মানুষ বুঝি রান্না করে?
ওটাতো মেয়েদের কাজ!
কী একটা হাসির ব্যাপার না!



মোটেও হাসির ব্যাপার নয়।
শুধুমাত্র শরীরের ভিন্নতার কারণে মেয়েরা গর্ভে সন্তান ধারণ করে আর সন্তানের জন্ম দেয়, যা ছেলেরা পারে না। কিন্তু গর্ভে সন্তান আসার জন্য ছেলে-মেয়ে উভয়েরই দরকার হয়। এছাড়া কাজের মধ্যে ছেলেদের কাজ আর মেয়েদের কাজ বলে আলাদা কিছু নেই।



ঠিকই বলেছেন আপা। আমিও তো দোকানে বসি।
বাবা দুপুরে বাসায় খেতে আসেন।
সেই সময়টা আমি দোকানদারি করি।





হ্যাঁ, ঠিক তাই।

আজকাল মেয়েরা গাড়ি চালাচ্ছে। প্লেন চালাচ্ছে।

ফুটবল খেলছে। ক্রিকেট খেলছে।

বাংলাদেশের মেয়ে ওয়াসফিয়া তো পৃথিবীর সর্বোচ্চ পাহাড় চূড়া এভারেস্টও আরোহণ করেছে।



আবার ছেলেরা রান্নাবান্না করছে। সেলাই করছে। ছেলে আর মেয়ে উভয়েই আছে সব কাজে অংশ গ্রহণ করার সমান অধিকার।

ঠিক তাই।

# নারী

কাজী নজরুল ইসলাম



সাম্যের গান গাই-
আমার চক্ষে পুরুষ-রমণী কোন ভেদাভেদ নাই!
বিশ্বে যা-কিছু মহান সৃষ্টি চির-কল্যাণকর,
অর্ধেক তার করিয়াছে নারী, অর্ধেক তার নর।
বিশ্বে যা-কিছু এল পাপ-তাপ বেদনা অশ্রুবারি,
অর্ধেক তার আনিয়াছে নর, অর্ধেক তার নারী।

সেদিন সুদূর নয়–
যেদিন ধরনী পুরুষের সাথে গাহিবে নারীরও জয়!

*(সংকলিত)*





niketan নিকেতন ফাউন্ডেশন

বাংলাদেশের প্রতিবন্ধী শিশুদের শিক্ষা ও তত্ত্বাবধানে নিয়োজিত

www.niketan.nl/en